

# অষ্টম শ্রেণির জুনিয়র বৃত্তি পরীক্ষা সাত দিন পিছিয়েছে

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ৩০ অক্টোবর ২০২৫, ১২:২১



ছবি: সংগৃহীত

অষ্টম শ্রেণির জুনিয়র বৃত্তি পরীক্ষা এক সপ্তাহ পিছিয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী, আগামী ২৮ ডিসেম্বর থেকে এ পরীক্ষা শুরু হয়ে চলবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। গতকাল বুধবার পরীক্ষার সংশোধিত সময়সূচি প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সংশোধিত সূচি অনুযায়ী, ২৮ ডিসেম্বর বাংলা, ২৯ ডিসেম্বর ইংরেজি, ৩০ ডিসেম্বর গণিত এবং ৩১ ডিসেম্বর বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে ৩ ঘণ্টা-সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

এর আগে, গত ২৪ সেপ্টেম্বর প্রকাশিত সূচি অনুযায়ী পরীক্ষা হওয়ার কথা ছিল ২১ থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত।

সংশোধিত নীতিমালায় বলা হয়েছে, অনুমোদিত ও স্বীকৃত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ন্যূনতম ২০ শতাংশ এবং সর্বোচ্চ ৪০ শতাংশ এ পরীক্ষায় অংশ নিতে পারবে। অষ্টম শ্রেণির পাঠ্যবইয়ের ভিত্তিতেই বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে পরীক্ষা হবে। বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে আলাদা পরীক্ষা নেওয়া হবে, আর বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের পরীক্ষা হবে একত্রে।

মোট নম্বর ৪০০ এর পরীক্ষা হবে। এর মধ্যে— বাংলায় ১০০, ইংরেজিতে ১০০, গণিতে ১০০, বিজ্ঞানে ৫০ এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে ৫০ নম্বরের পরীক্ষা হবে।

বৃত্তি পরীক্ষার ফি নির্ধারণ করা হয়েছে ৬০০ টাকা। এর মধ্যে বোর্ড ফি ৪০০ টাকা এবং কেন্দ্র ফি ২০০ টাকা।

সংশোধিত সূচিতে বলা হয়েছে, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের কক্ষে উপস্থিত থাকতে হবে। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ীই পরীক্ষা নিতে হবে।

বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের জন্য পৃথকভাবে ১ ঘণ্টা ৩০ মিনিট করে মোট ৩ ঘণ্টা সময় নির্ধারণ করা হয়েছে।

পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠানের প্রধানের কাছ থেকে পরীক্ষার অন্তত সাত দিন আগে সংগ্রহ করতে হবে।

উত্তরপত্র ভাঁজ করা যাবে না বলে নির্দেশনায় স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার্থীরা পরীক্ষায় বোর্ড অনুমোদিত সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।